

## 💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২৮. নখ ও চুল কাটার সর্বনিম্ন ও সর্বো সময় কত দিন?

সর্বনিম্ন কতদিন অন্তর অন্তর নখ চুল কাটা উত্তম এ বিষয়ে কোন হাদীস খোঁজে পাওয়া যায়নি। তবে কোন কোন ফকীহর মতে, প্রতি জুমু'আ বারে কাটা মুস্তাহাব। আবার কেউ বলেছেন, শুক্রবার জুমু'আর ওয়াক্ত শুরু হওয়ার পূর্বে। আবার কেউ কেউ বলেছেন, প্রতি বৃহস্পতিবার। এর মধ্যে যে কোন একটি মত গ্রহণ করা যেতে পারে। অপরদিকে এ সুন্নাতটি আদায়ে সর্বউর্ধ্ব কতদিন পর্যন্ত পেছাতে পারবে এ বিষয়ে সুনির্দিষ্ট হাদীস রয়েছে। আর তাহলো ৪০ রাত। আনাস (রা) বলেছেন,

"গোঁফ ছোট করা, নখ কাটা, বগল এবং নাভির নিচের লোম পরিষ্কার করার কাজগুলোকে ৪০ রাতের বেশি সময় অতিক্রম না করার জন্য আমাদেরকে সময় নির্দিষ্ট করে দেওয়া হয়েছে।" (মুসলিম: ২৫৮)।

অতএব এগুলো না কেটে পরিষ্কার না করে ৪০ রাতের বেশি সময় পার করে দেওয়া জায়েয নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12760

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন